**নৈবেদ্য**

নৈবেদ্যং দক্ষিণেবামে পুরতো বা ন পৃষ্ঠত।

দেবতার দক্ষিণে, বামে ও সম্মুখে নৈবেদ্য দান করিবে। পৃষ্ঠে দিবে না। শক্তিবিষয়ে নৈবেদ্য নিবেদন করিবার সময় ''ফট্'' এই মন্ত্রে জলদ্বারা নৈবেদ্যের উপর মূলমন্ত্র আটবার জপ করিয়া ধেনুমুদ্রায় অমৃতীকরণ করতঃ মূলমন্ত্রে নৈবেদ্য নিবেদন করিবে। যথা - ''এতৎ সঘৃতোপকরণ নৈবেদ্যং হ্রীং দূর্গায়ৈ নমঃ'' তৎপরে বামহস্তে গ্রাসমুদ্রা করিয়া দক্ষিণহস্তে প্রাণ, অপান সমান, উদান, ব্যান প্রভৃতি পঞ্চমুদ্রা ''ওঁ প্রাণায় স্বাহা, ও পয়ানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা।'' এই মন্ত্র পাঠ করিবে।

Published on: Jan, 14 2023 14:13